দৈনিক সংবাদ

৮

তারিখ 11 MAR 1995
পৃষ্ঠা ৮ কলাম ৪

# মির্জাপুর ও কালিয়াকৈরে দশ সহস্রাধিক ছাত্র প্রাথমিক বিদ্যালয় ত্যাগ করেছে

মির্জাপুর (টাংগাইল), ১০ই মার্চ (নিজস্ব সংবাদদাতা)।– মির্জাপুর এবং কালিয়াকৈর থানার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র–ছাত্রীদের মধ্যে ১০ সহস্রাধিক ছাত্র–ছাত্রী বিদ্যালয় ত্যাগ করেছে বলে থানা ২টির শিক্ষা অফিসের সাথে সংশ্লিষ্ট একটি সূত্র থেকে জানা গেছে। এর মধ্যে মির্জাপুরের ৫ হাজার ৮শ' ৮৭ জন এবং কালিয়াকৈর থানার ৫ হাজার ১৩ জন।

থানা ২টির শিক্ষা অফিসের সাথে সংশ্লিষ্ট সূত্রটি জানান যে, গত শিক্ষাবর্ষে থানা ২টির বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে মোট ৯৩ হাজার ২শ' ৮৭ জন ছাত্র–ছাত্রী ভর্তি হয়। এর মধ্যে মির্জাপুরে ৫৮ হাজার ৩শ' ২ জন এবং কালিয়াকৈর থানায় ৩৪ হাজার ৯শ' ৮৫ জন। সংশ্লিষ্ট থানা ২টির বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে ১ম শ্রেণীতে ২৫ হাজার ৯শ' ৪২ জন, দ্বিতীয় শ্রেণীতে ২১ হাজার ৪শ' ৬৯ জন, ৩য় শ্রেণীতে ১৭ হাজার ৬শ' ৩২ জন, ৪র্থ শ্রেণীতে ১৪ হাজার ৯শ' ৫২ জন এবং ৫ম শ্রেণীতে ১৩ হাজার ৮ শ' ১৫ জন ছাত্র–ছাত্রী ভর্তি হয়েছিল। কিন্তু বৎসরান্তে বার্ষিক পরীক্ষায় থানা ২টির প্রাথমিক বিদ্যালয়সমূহের বিভিন্ন শ্রেণীতে ভর্তিকৃত ছাত্র–ছাত্রীদের মধ্যে ৮২ হাজার ৪শ' ১৩ জন ছাত্র–ছাত্রী অংশগ্রহণ করে বলে সূত্রটি উল্লেখ করেন। অর্থাৎ থানা ২টির বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে ভর্তিকৃত ছাত্র–ছাত্রীদের মধ্যে বছর শেষ হওয়ার পূর্বেই ১০ হাজার ৯শ' ছাত্র–ছাত্রী বিদ্যালয়ের চৌহদ্দি ত্যাগ করেছে।

সংশ্লিষ্ট সূত্রটির প্রদত্ত তথ্যমতে মির্জাপুর এবং কালিয়াকৈর থানার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে ১ম শ্রেণীতে ভর্তিকৃত ছাত্র–ছাত্রীদের মধ্যে ৩ হাজার ৯শ' ৫৯ জন, ২য় শ্রেণী থেকে ১ হাজার ৫শ' ৯৪ জন, ৩য় শ্রেণী থেকে ১ হাজার ৮শ' ৯৮ জন, ৪র্থ শ্রেণী থেকে ১ হাজার ৭শ' ৫৭ জন এবং ৫ম শ্রেণী থেকে ১ হাজার ৬শ' ৯৬ জন ছাত্র–ছাত্রী গত শিক্ষাবর্ষ শেষ হওয়ার পূর্বেই বিদ্যালয় ত্যাগ করেছে।

বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার ব্যাপারে এত প্রচার–প্রপাগান্ডার পরও কেন এত ব্যাপকসংখ্যক শিশু–কিশোর, শিক্ষাবর্ষ শেষ হওয়ার পূর্বেই বিভিন্ন শ্রেণী থেকে ঝড়ে পড়েছে এর কারণ কি জানতে চাওয়া হলে 'আর্থিক অভাব–অনটনই' এর পেছনে মূল কারণ বলে সংশ্লিষ্ট সূত্রটি 'সংবাদ'–কে জানিয়েছেন।